দৈনিক বাংলা

034

তারিখ ২৫।৩।৮১

449

# অঙ্ক প্রশ্নে বিভ্রাট

( ইত্তেফাক রিপোর্ট )

গতকাল (শনিবার) অনুষ্ঠিত ঢাকা বোর্ডের স্কুল মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষার সাধারণ গণিত পত্রের প্রশ্নে বিভ্রাট ঘটিয়াছে। প্রশ্নপত্রের বীজগণিত অংশের ৮ম প্রশ্নের সরল অঙ্কে এই বিভ্রাট দেখা দেয়। কোন প্রশ্নপত্রে এই সরলাঙ্কের বিশেষ একটি 'হর' রাশিতে বর্গ ছিল, কোন প্রশ্নপত্রে উক্ত 'হর'-এ বর্গ চিহ্ন ছিল না।

অঙ্কটির মধ্যবর্তী বন্ধনীভুক্ত অংশের দুইটি হর-এ বর্গ থাকার কথা। যেসব প্রশ্নে তাহা ছিল, সে সকল প্রশ্নের পরীক্ষার্থীরা সহজেই সরল ফলে উপনীত হইতে পারিয়াছে। কিন্তু দুর্ভাগ্যবশতঃ যেসকল প্রশ্নের উক্ত বন্ধনীভুক্ত অংশের একটি হর বর্গচিহ্নহীন ছিল সেসকল প্রশ্নের পরীক্ষার্থীদিগকে বিপাকে পড়িতে হইয়াছে। একটি বর্গচিহ্নের অনুপস্থিতিতে তাহাদের সরল অঙ্ক গরল হইয়া উঠে।

ঢাকার আরমানিটোলা, তেজগাঁও, আগারগাঁও, আজিমপুরের বিভিন্ন কেন্দ্রের পরীক্ষার্থীরা জানান, উপস্থিত পরিদর্শকগণ "যার প্রশ্নে যেভাবে আছে সেভাবে করিয়া দাও" বলিয়া দায়িত্বমুক্ত হইয়াছেন। অঙ্কটির জন্য নির্ধারিত নম্বর 'চার' হইলেও প্রশ্নের বিভ্রাট পরীক্ষার্থীদের বহুক্ষণের জন্য ব্যতিব্যস্ত করিয়া রাখে।